

তারিখ : 21/08/2015

আরবিআই রুপি কো-অপারেটিভ ব্যাঙ্ক, পুনে-এর প্রতি নিয়ন্ত্রন আরও বাড়িয়েছে

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (দ্রষ্টব্য অগস্ট 20, 2015 তারিখাঙ্কিত নির্দেশ ডিসিবিআর.সিও.এআইডি/ডি-10/12.22.218/2015-16) রুপি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, পুনে, মহারাষ্ট্র-এর প্রতি নিয়ন্ত্রন, পর্যালোচনার সাপেক্ষে, আরও ছয় মাস অগস্ট 22, 2015 থেকে ফেব্রুয়ারি 21, 2016 পর্যন্ত বাড়িয়েছে। প্রথমে নিয়ন্ত্রন আরোপ করা হয়েছিল ফেব্রুয়ারি 22, 2013 থেকে অগস্ট 21, 2013 পর্যন্ত এবং তিনটি উপলক্ষে প্রত্যেকবার ছয় মাসের জন্য করে এবং দুইবার প্রত্যেকবার তিনমাসের জন্য করে বাড়ান হয়েছিল। শেষবার বাড়ান হয়েছিল মে 21, 2015 থেকে অগস্ট 21, 2015 পর্যন্ত তিন মাসের জন্য।

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট,1949-এর ধারা 35 এ-র উপধারা (1), সঙ্গে পঠিত উল্লেখিত অ্যাক্টের ধারা 56 -এর অধীনে, রিজার্ভ ব্যাঙ্কের ওপর ন্যস্ত ক্ষমতা বলে নিয়ন্ত্রন আরোপ করা হয়েছিল। নির্দেশের একটি প্রতিলিপি ব্যাঙ্কের ভবনে কৌতুহলি জনসাধারণের দর্শনার্থে প্রদর্শিত হয়।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারি করা নির্দেশ মানে এই নয় যে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং লাইসেন্স বাতিল করা। ব্যাঙ্কটি ব্যাঙ্কিং কাজকর্ম চালিয়ে যেতে পারবে কিছু সীমাবদ্ধতার সঙ্গে যতদিন না তার আর্থিক অবস্থার উন্নতি হয়। রিজার্ভ ব্যাঙ্ক পরিস্থিতির ওপর নির্ভর করে নির্দেশের পরিবর্তন বিবেচনা করতে পারে।

সঙ্গীতা দাস
নির্দেশক

প্রেস বিজ্ঞপ্তি:2015-2016/467